



গণিত বিভাগের অবকাঠামোগত উন্নয়ন ও সংস্কার কাজের শুভ উদ্বোধনী অনুষ্ঠান



১৭ মার্চ ২০২১-বুধবার সকাল ১১ ঘটিকায় থার্মেক্স গ্রুপের অর্থায়নে গণিত বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের অবকাঠামোগত উন্নয়ন ও সংস্কার কাজের শুভ উদ্বোধন করেন অনুষ্ঠানের প্রধান অতিথি উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

বিজ্ঞান অনুষদের ডিন ও গণিত বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. রবীন্দ্রনাথ মন্ডলের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ। এসময় আয়োজক কমিটির আহবায়ক অধ্যাপক ড. মোঃ সরোয়ার আলমসহ বিভাগীয় শিক্ষকবৃন্দ বক্তব্য প্রদান করেন। এসময় গণিত বিভাগের শিক্ষক-শিক্ষার্থীবৃন্দ ও আরো অনেকে উপস্থিত ছিলেন।



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



উল্লেখ্য, থার্মেক্স গ্রুপের অর্থায়নে ৫০টি কম্পিউটারসহ ল্যাব ও কনফারেন্স রুম এবং শীতাতপ নিয়ন্ত্রিত ক্লাস রুমসহ মোট দুইটি ক্লাস রুমের আধুনিকায়নের কাজ করা হয়।